

২৩

উচ্চ মাধ্যমিক পরিসংখ্যান প্রথম পত্র প্রসঙ্গে

এবারের ঢাকা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরিসংখ্যান প্রথম পত্রের প্রশ্নের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। ৬ (গ) নং প্রশ্নে বিভদাংককে শতকরায় প্রকাশ করা হয়নি। অথচ বোর্ড কর্তৃক প্রণীত সহায়ক গ্রন্থ 'পরিসংখ্যান পরিচিতি' (মুহাম্মদ আলী মিয়া ও মোঃ আলিম উল্লা মিয়ান) এবং প্রচলিত অন্যান্য বইয়ে বিভদাংককে শতকরায় প্রকাশ করা হয়েছে। এ কারণে আমরা একে ভুল হিসেবে গ্রহণ করেছি। গণিত প্রশ্নের ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষের প্রদত্ত ব্যাখ্যার ভিত্তিতে আমরা কেউ কেউ ১০০ দিয়ে গুণ করে নিয়ে আবার কেউ কেউ প্রশ্নানুযায়ী সমাধান করেছি। এ ক্ষেত্রে সকলকেই শুদ্ধ পদ্ধতির জন্য পূর্ণ কৃতিত্ব প্রদানের অনুরোধ জানাচ্ছি। আবার ৫নং প্রশ্নের দ্বিতীয় লাইনে ১১ সংখ্যাটি প্রশ্নের বিভিন্ন মান জ্ঞাপক সংখ্যার সাথে প্রায় সংযুক্ত অবস্থায় আছে। আর প্রশ্ন ছাপার বিভিন্ন ত্রুটি দেখে মানসিক চাপের মুখে আমরা ৫ নং প্রশ্নের অন্যান্য অংশের উত্তর দেয়ার পর একটি সমাধানের সময় ১১, ১৩, ১৫..... ২৫-এর স্থলে ১৩, ১৫, ১৭..... ২৫ ধরে সমাধান করেছি।

ইরেজী সংকলনে অবশ্য ঠিকভাবেই মুদ্রিত হয়েছে। বাংলা সংকলনে ছাপায় বিভ্রান্তি থাকায় অর্ধেকটির দুই ধরনের উত্তর এসেছে। অর্ধেকের সমস্যা চিহ্নিতকরণ ও সঠিক সমাধান পদ্ধতি সঠিক উত্তরের ন্যায় গুরুত্বপূর্ণ। তাছাড়া যারা ১৩, ১৫..... ২৫-এর ভেদাঙ্কে নির্ণয় করতে পারবে তারা ১১, ১৩.....২৫ -এর ভেদাঙ্কে নির্ণয় করতে পারবে বলে ধরে নেয়া যায়। এ কারণে এ প্রশ্নে আমাদের পূর্ণ নম্বর না দিলেও ৮০%-এর ওপরে নম্বর প্রদানের অনুরোধ জানাচ্ছি।

কামাল, শরীফ, ইমাম
ঢাকা কলেজ, ঢাকা।